# টাঙ্গাইলে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ১০



সংগৃহীত ছবি

টাঙ্গাইল-৬ আসনের মনোনয়নকে কেন্দ্র করে দেলদুয়ার উপজেলার এলাসিন বাজারে শনিবার (২৯ নভেম্বর) বিএনপির দুই গ্রুপের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রজন্ম দলের নির্বাহী কমিটির সভাপতি জুয়েল সরকারকে মনোনয়ন দেওয়ার দাবিতে তার সমর্থকরা মানববন্ধন ও পরে বিক্ষোভ মিছিল শুরু করেন।

এসময় অপরদিকে বিএনপির প্রাথমিক মনোনয়ন পাওয়া রবিউল আউয়াল লাভলুর সমর্থক দলও মিছিল নিয়ে একই পথে আসে। দুই পক্ষের মুখোমুখি হওয়ায় প্রথমে বাকবিতণ্ডা এবং পরে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এতে অন্তত ১০ জন আহত হন।

খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং আরও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটতে দেয়নি।

LENS ASIA